

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭
ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

মাননীয়,

বার্তা সম্পাদক

মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিজ্ঞপ্তি

০৫-০৭-২০১৭

সম্প্রতি এ রাজ্যের বিভিন্ন অংশে ধর্ম ও জাতিসত্তার যে উগ্র রাজনীতি মাথা চাড়া দিচ্ছে তাতে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গভীর উদ্বেগ প্রকাশ করছে। এহেন অসহিষ্ণুতার পরিবেশ এ রাজ্যের সাম্প্রদায়িক সম্প্রীতি ও সুস্থ সংস্কৃতির চিরন্তন ঐতিহ্যের পরিপন্থী। সমিতি রাজ্যের সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন মানুষকে এই বিভেদকামী হানাহানির বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিবাদে সামিল হতে আহ্বান জানাচ্ছে। অবিলম্বে এ বিষয়ে রাজনৈতিক সহমতের ভিত্তিতে রাজ্যে শান্তি ফিরিয়ে আনার সার্বিক উদ্যোগ নেওয়ার আবেদন জানাচ্ছে অধ্যাপক সমিতি এবং সেই সঙ্গে অসহিষ্ণুতা ও হানাহানির কারণে রাজ্যের বিভিন্ন অংশে স্কুলে কলেজে যে ভাবে পঠনপাঠন ব্যাহত হচ্ছে সে বিষয়ে যথাযথ হস্তক্ষেপের দাবি জানাচ্ছে।

অভিনন্দন সহ

শ্রীতিনাথ প্রহরাজ

(শ্রীতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০